

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:৪৮ এএম


শিক্ষাঙ্গন

রাকসু নির্বাচনে ভূমিধস জয়ের পথে শিবির



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৭ অক্টোবর ২০২৫, ০৭:২৯ এএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির-সমর্থিত ‘সম্মিলিত শিক্ষার্থী জোট’ ভূমিধস জয়ের পথে রয়েছে। ঘোষিত ১৭টি হলের মধ্যে ১৪টির ফল বিশ্লেষণে দেখা গেছে, শিবির-সমর্থিত প্রার্থীরা প্রায় তিনগুণ ভোটে এগিয়ে আছেন প্রতিদ্বন্দ্বী প্যানেলের চেয়ে।

শুক্রবার (১৭ অক্টোবর) সকাল সাড়ে ৬টায় বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে ফলাফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার ড. এফ নজরুল ইসলাম।

ফলাফলে দেখা যায়, ভাইস প্রেসিডেন্ট (ভিপি) পদে ‘সম্মিলিত শিক্ষার্থী জোট’-এর মোস্তাকুর রহমান জাহিদ পেয়েছেন সাড়ে ৮ হাজারের বেশি ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্রদল-সমর্থিত ‘ঐক্যবদ্ধ নতুন প্রজন্ম’ প্যানেলের শেখ নূর উদ্দীন আবীর পেয়েছেন প্রায় ৩ হাজার ভোট। তিনগুণেরও বেশি ব্যবধানের এ ফলাফল রাকসুর ইতিহাসে বিরল এক দৃষ্টান্ত হিসেবে দেখা হচ্ছে।

রাকসুর ৪ কেন্দ্রের ফল: ভিপি-এজিএসে এগিয়ে শিবির

জেনারেল সেক্রেটারি (জিএস) পদে ‘আধিপত্যবিরোধী ঐক্য’ প্যানেলের সালাহউদ্দিন আন্নার এগিয়ে আছেন ৮ হাজারের মত ভোট পেয়ে, যেখানে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ‘সম্মিলিত শিক্ষার্থী জোট’-এর ফাহিম রেজা পেয়েছেন সাড়ে ৪ হাজারের মত ভোট। অন্যদিকে সহকারী সাধারণ সম্পাদক (এজিএস) পদে শিবির-সমর্থিত সালমান সাব্বির পেয়েছেন ৪ হাজার ৫৭২ ভোট, এবং তার প্রতিদ্বন্দ্বী ছাত্রদল-সমর্থিত জাহিন বিশ্বাস এষা পেয়েছেন ৩ হাজার ৫২১ ভোট।

ফলাফল অনুযায়ী, ঘোষিত ১২টি কেন্দ্রে শিবির-সমর্থিত প্রার্থীরা ধারাবাহিকভাবে এগিয়ে থাকায় ক্যাম্পাসজুড়ে শিবিরপন্থী শিক্ষার্থীদের মধ্যে উৎসবের আমেজ ছড়িয়ে পড়েছে।

নির্বাচনে মোট ১৭টি হলে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত চলে ভোটগ্রহণ কার্যক্রম। এ সময় বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা কঠোর নিরাপত্তা বলয় গড়ে তোলে। ক্যাম্পাসের ১৭টি কেন্দ্রে প্রায় এক হাজার বুথে ভোট দেন শিক্ষার্থীরা।